



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
বেসরকারি কলেজ শাখা  
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.২২.০০৪.১৯/১৯৫৮/৬

তারিখ: ০৭/০২/১৪২৬ বঙ্গাব্দ:  
২১/০৫/২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: সদ্য সরকারিকৃত কলেজ আত্মীকরণ না হওয়া শিক্ষক-কর্মচারীদের অবসরের বয়সসীমা নির্ধারণ।

সূত্র: ৭০৪০/ক.ক, ১৪/০৫/২০১৯খ্রি.

কিশোরগঞ্জ জেলার কটিয়াদী সরকারি কলেজের অধ্যক্ষ জনাব সবিতা রানী দেবী ০১/০১/২০১৭খ্রি. তারিখ হতে গভর্নিং বডি'র সিদ্ধান্ত মোতাবেক দায়িত্ব পালন করেন আসছেন। ২৫/০৪/২০১৯খ্রি. তারিখে তার বয়স ৫৯ বছর পূর্ণ হয়। কলেজটি সদ্য সরকারিকরণের আওতায় আসলেও শিক্ষক-কর্মচারীগণ এখনও আত্মীকৃত হননি। ফলে বিদ্যমান জনবল কাঠামো মোতাবেক শিক্ষকদের অবসরের বয়সসীমা নির্ধারণের জন্য অনুরোধ করেন।

সদ্য সরকারিকরণকৃত কলেজের শিক্ষক কর্মচারীগণ এখনো আত্মীকৃত না হওয়ায় তাদের ক্ষেত্রে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ প্রযোজ্য হবে। জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১১.৬ ধারা মোতাবেক "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ ৬০(ষাট) বছর বয়স পর্যন্ত প্রদেয় হবে"।

বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হল।

*AMM*  
(মোঃ এনামুল হক হাওলাদার)  
উপ-পরিচালক (কলেজ-২)  
ফোন নং-৯৫৫৭৬৯১

*Motah*

উপজেলা নির্বাহী অফিসার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
কটিয়াদী, কিশোরগঞ্জ।

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জনাব সবিতা রানী দেবী, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), কটিয়াদী সরকারি কলেজ, কিশোরগঞ্জ।
- ২) পিএটু মহাপরিচালক, মাউশি, বাংলাদেশ, ঢাকা।
- ৩) সংরক্ষণ নথি।